# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

### (লালমনিরহাট, নীলফামারী, রংপুর ও কুড়িগ্রাম জেলার জন্য)

**প্রকাশের তারিখ: ২০/০৭/২০২৫**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বিশেষ বার্তা (২০.০৭.২০২৫ সন্ধ্যা ৬.০০ টা) অনুযায়ী তিস্তা নদীর পানি সমতল আগামী ১২ ঘণ্টায় বিপদসীমা অতিক্রম করতে পারে এবং লালমনিরহাট, নীলফামারী, রংপুর ও কুড়িগ্রাম জেলার তিস্তা নদীসংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

১। জলাবদ্ধতা পরিহারের জন্য আমন বীজতলার চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।

২। বন্যার কারণে যদি পাটের জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং সেটা ২/৩ দিনের মধ্যে নিষ্কাশনের সম্ভাবনা না থাকে সে ক্ষেত্রে যত দ্রুত সম্ভাব কর্তনযোগ্য পাট কেটে পানিতে জাগ দিতে হবে।

৩। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।

৪। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।

৫। সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

৬। কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।

৭। গবাদি পশু ও হাসমুরগী উঁচু জায়গায় স্থানান্তর করুন।